

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।  
[www.taxeszone3ctg.gov.bd](http://www.taxeszone3ctg.gov.bd)

নথি নং- প্রা-(স)-৪১/মাঃ সঃ/ কঅ-৩ (চট্ট:)/২০২৩-২০২৪/

তারিখ : ১৮/০৯/২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের আগস্ট, ২০২৩ মাসের রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভা।

এ কর অঞ্চলের ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল বাস্তবায়নের অগ্রগতি এবং আগস্ট, ২০২৩ মাসের রাজস্ব আহরণ পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে এ কর অঞ্চলের সকল অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনারগণের সমন্বয়ে আগামী ২৬/০৯/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকায় কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত বিষয়সমূহে তাঁদের নিজ নিজ দপ্তরের অগ্রগতির প্রতিবেদনসহ উক্ত রাজস্ব সভায় অংশগ্রহণ এবং অগ্রগতির প্রতিবেদন আগামী ২১/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ের পরিসংখ্যান শাখায় প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।

- ক) আগস্ট, ২০২৩ মাসের রাজস্ব আহরণ (উৎস কর কর্তন ব্যতীত);
- খ) লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপসমূহ ও পরিকল্পনা সমূহ;
- গ) লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তার কারণসমূহ;
- ঘ) উৎসে কর ব্যবস্থাপনা সংক্রান্ত সকল তথ্যাদি এবং আদায়;
- ঙ) বকেয়া কর আদায় পরিস্থিতি (মোট বকেয়া/বিতর্কিত/অবিতর্কিত/মাসে আদায়/মাস পর্যন্ত আদায়/শতকরা হার);
- চ) অগ্রিম আদায় সংক্রান্ত;
- ছ) ৯৩/১২০ ধারায় মামলার তথ্য;
- জ) BRTA ও সঞ্চয়পত্র সংক্রান্ত যে সকল মামলা পুন: উন্মোচিত হয়েছে, সে সকল মামলার অগ্রগতি প্রতিবেদন।
- ঝ) ২০২২-২০২৩ অর্থবছরে যে সকল মামলা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারায় '১১৩ এফ' অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সে সকল মামলার অগ্রগতি প্রতিবেদন
- ঞ) অডিট মামলার নিষ্পত্তি সংক্রান্ত তথ্য;
- ট) বিবিধ।

স্বাক্ষর

(ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন)

কর কমিশনার

কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

☎: ০২৩৩৩২৫৮৯৭

নথি নং- প্রা-(স)-৪১/মাঃ সঃ/ কঅ-৩ (চট্ট:)/২০২৩-২০২৪/ ৫২২ (১ - ২৬)

তারিখ : ১৮/০৯/২০২৩ খ্রি.

অনুলিপি (কার্যার্থে) :

১. পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
২. উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল....., কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩. সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি।



(সুদ্বিপ কুমার সাহা)

উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)

কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

☎: ০২৩৩৩২৮৩২৬